গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০।
https://pmgcc.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.২০৭.১১.০০০১.২৬.৬৯

তারিখ: ঢাকা ১১ই অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৬শে নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল-এর দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা ও এর আওতাধীন ইউনিট/অফিসসমূহে রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://pmgcc.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক্রমিক	পদের নাম ও বেতনস্কেল/গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুসারে)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	ইউনিট/অফিসের নাম	সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা	যে এলাকা/জেলার স্থায়ী অধিবাসীগণ আবেদন করতে পারবেন (ইউনিট/অফিসের অধিক্ষেত্র অনুসারে)
১.	পোস্টম্যান গ্রেড-১৭ বেতনস্কেল: ২১,৪০০-৫১,৯০০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	৮	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	১	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, টাঙ্গাইল বিভাগ, টাঙ্গাইল	৩	টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, জামালপুর বিভাগ, জামালপুর	১	জামালপুর ও শেরপুর জেলা এবং কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা।
২.	মেইল গার্ড গ্রেড-১৭ বেতনস্কেল: ২১,৪০০-৫১,৯০০/-	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	৯	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
৩.	স্ট্যাম্প ভেন্ডার গ্রেড-১৮ (বেতনস্কেল: ২১,০০০-৫০,৯০০)	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	১	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	১	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	১	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
৪.	প্যাকার গ্রেড-১৯ বেতনস্কেল: ২০,৫০০-৪৯,৬০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	পোস্টমাস্টার জেনারেল-এর দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	১	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা

					জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা ও সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	২৪	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	১০	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, টাঙ্গাইল বিভাগ, টাঙ্গাইল	৫	টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, জামালপুর বিভাগ, জামালপুর	৮	জামালপুর ও শেরপুর জেলা এবং কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, ময়মনসিংহ প্রধান ডাকঘর, ময়মনসিংহ	৭	ময়মনসিংহ জেলা
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, জামালপুর প্রধান ডাকঘর, জামালপুর	৩	জামালপুর জেলা
৫	মেইল ক্যারিয়ার গ্রেড-১৯ বেতনস্কেল: ২০,৫০০-৪৯,৬০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	৪৭	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	১	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
৬.	প্যাকার কাম মেইল ক্যারিয়ার গ্রেড-১৯ বেতনস্কেল: ২০,৫০০-৪৯,৬০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	১	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	২	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, জামালপুর বিভাগ, জামালপুর	১	জামালপুর ও শেরপুর জেলা এবং কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, কিশোরগঞ্জ প্রধান ডাকঘর, কিশোরগঞ্জ	২	কিশোরগঞ্জ জেলা
৭.	অফিস সহায়ক (এমএলএসএস) গ্রেড-২০ বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পোস্টমাস্টার জেনারেল-এর দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	৪	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও

					রৌমারী উপজেলা ও সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	৩	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, জামালপুর বিভাগ, জামালপুর	২	জামালপুর ও শেরপুর জেলা এবং কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, কিশোরগঞ্জ বিভাগ, কিশোরগঞ্জ (ভৈরব উপজেলা ডাকঘরে বিদ্যমান শূন্য পদের জন্য)	১	কিশোরগঞ্জ জেলা
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	১	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, জামালপুর প্রধান ডাকঘর, জামালপুর	১	জামালপুর জেলা
৮.	বাবুর্চি/এটেনডেন্ট গ্রেড-২০ বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	২	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
৯.	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) গ্রেড-২০ বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে-সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	২	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	২	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, টাঙ্গাইল বিভাগ, টাঙ্গাইল	১	টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	১	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, জামালপুর প্রধান ডাকঘর, জামালপুর	১	জামালপুর জেলা
১০.	রানার গ্রেড-২০	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	৯০	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত),

	বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।			গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	২০	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, টাঙ্গাইল বিভাগ, টাঙ্গাইল	৭	টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, জামালপুর বিভাগ, জামালপুর	৯	জামালপুর ও শেরপুর জেলা এবং কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, ময়মনসিংহ প্রধান ডাকঘর, ময়মনসিংহ	১	ময়মনসিংহ জেলা
১১.	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	২	ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ	১	ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, টাঙ্গাইল বিভাগ, টাঙ্গাইল	১	টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলা।
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, কিশোরগঞ্জ বিভাগ, কিশোরগঞ্জ	১	কিশোরগঞ্জ জেলা
			ডেপুটি পোস্টমাস্টার জেনারেল-এর কার্যালয়, আরএমএস ভি-বিভাগ, ঢাকা	১	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ জেলা।
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, ময়মনসিংহ প্রধান ডাকঘর, ময়মনসিংহ	২	ময়মনসিংহ জেলা
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, টাঙ্গাইল প্রধান ডাকঘর, টাঙ্গাইল	১	টাঙ্গাইল জেলা
			সহকারী পোস্টমাস্টার জেনারেল-কাম-পোস্টমাস্টার-এর কার্যালয়, জামালপুর প্রধান ডাকঘর, জামালপুর	১	জামালপুর জেলা

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় শর্তাবলি:

০১। প্রার্থীর বয়সসীমা: ৩০-১২-২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধিবিধান, কোটাপদ্ধতি এবং পরবর্তীতে এ-সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

০৪। আবেদনকারীকে তার সঠিক (সর্বশেষ) অর্জিত শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এবং "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯"-এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০৬। সকল পদের প্রার্থীকে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে MCQ টাইপ বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

০৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;

(ক) অনলাইনে পূরণকৃত Application Form;

(খ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি;

(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/অভিজ্ঞতা সনদ;

(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ/ছাড়পত্র;

(ঙ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

(ছ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) এর উপযুক্ত/যথাযথ সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার পুত্র-কন্যার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র;

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ;

(ঝ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ;

(ঞ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

০৮। প্রার্থী কর্তৃক কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। লিখিত, ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়া একাধিক পদের/সমগ্রেডভুক্ত একাধিক পদের পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা এবং এর প্রশাসনাধীন বিভিন্ন দপ্তরের যে সকল পদের বিপরীতে বিজ্ঞ আদালতে মামলা বিদ্যমান আছে, ঐ সকল দপ্তরের মামলাসংক্রান্ত পদ সংখ্যাসমূহ প্রাপ্ত ছাড়পত্র হতে বাদ দিয়ে এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

১৩। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। অনলাইনে আবেদনপত্র পূরণসংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://pmgcc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০-১১-২০২৬ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ ঘটিকা।**

(ii) **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০-১২-২০২৬ খ্রিষ্টাব্দ বিকাল ৫:০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপর submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে sms এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষাসংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রতিটি পদের জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা+ Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-

(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং এবং সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির নাগরিক প্রার্থীর জন্য আবেদন ফি বাবদ বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: PMGCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGCC ABCDEF & send to 16222

Reply: Applicant's name, TK: 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGCC<space>Yes<space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: PMGCC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGCC Yes 12345678

Reply: Congratulations! Applicant's name, Payment completed successfully for PMGCC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx)..

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://pmgcc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে রাখবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

PMGCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: PMGCC Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে:

PMGCC<space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222.

Example: PMGCC Help PIN 12345678 & Send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-এর ওয়েবসাইট https://pmgcc.bdpost.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধানে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://pmgcc.bdpost.gov.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা pmgcentral.r2026@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল-এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk -এ মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: POSTMASTER GENERAL, CENTRAL CIRCLE (PMGCC), Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে-কোনো বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে-কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

**** যে-কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

পোস্টমাস্টার জেনারেল কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-এর টেলিটক পোর্টালে প্রবেশ-এর QR Code

পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা ওয়েবসাইটে প্রবেশ-এর QR Code

২৬/১১/২৫

(কাজী ইসমত জেরীন)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
ও সদস্য সচিব
নিয়োগ/বাছাই কমিটি
ফোন: ০২-২২৬৬৪০৩৫২

নথি নং- ১৪.৩১.০০০০.২০৭.১১.০০০১.২৬.৬৯

তারিখ: ঢাকা ১১ই অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬শে নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেনারেল ম্যানেজার, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রোড নং-১৭, হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, গুলশান-১, ঢাকা-১২১২। নিয়োগ বিজ্ঞপ্তিটি টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। প্রোগ্রামার, ডাক অধিদপ্তর, ডাক ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০। নিয়োগ বিজ্ঞপ্তিটি ডাক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সহকারী পোস্টমাস্টার জেনারেল (স্টাফ), কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০। নিয়োগ বিজ্ঞপ্তিটি কেন্দ্রীয় সার্কেলের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। পিএ টু পিএমজি; পোস্টমাস্টার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। অফিস কপি।

২৬/১১/২৬

ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
ও
সদস্য সচিব
নিয়োগ/বাছাই কমিটি
ফোন: ০২-২২৬৬৪০৩৫২